

# 38th Meeting of Ministerial level Joint Rivers Commission of India and Bangladesh held at New Delhi

August 26, 2022

ভারত ও বাংলাদেশের মন্ত্রী পর্যায়ের যোথ নদী কমিশনের 38তম বৈঠক নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে

অগাস্ট 26, 2022

ভারত ও বাংলাদেশের মন্ত্রী পর্যায়ের যোথ নদী কমিশনের 38তম বৈঠক 25শে অগাস্ট 2022-এ নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন কেন্দ্রীয় জল শক্তি মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন জল সম্পদ রাষ্ট্রমন্ত্রী জনাব জাহিদ ফারুক। জলসম্পদ উপমন্ত্রী জনাব একেএম এনামুল হক শামীমও বাংলাদেশের প্রতিনিধি দলের মধ্যে ছিলেন। দীর্ঘ 12 বছরবাদে এই বৈঠকটি তাৎপর্য পূর্ণ হিসেবে মনে করা হচ্ছে, যদিও এর মধ্যবর্তী কালে যোথ নদী কমিশনের অধীনে প্রযুক্তিগত পারস্পরিক আদানপ্রদান অব্যহত রয়েছে। এই বৈঠকের আগে 23শে অগাস্ট 2022-এ জল সম্পদ সচিব স্তরে আলাপআলোচনা অনুষ্ঠিত হয়েছে। এই দ্বিপাক্ষিক বৈঠক চলাকালীন চালু থাকা পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক সমস্যাগুলি নিয়ে বেশ কয়েকটি নিয়ে আলোচনা করা হয়েছে যার মধ্যে রয়েছে একই নদীর জল বন্টন, বন্যা তথ্যের আদানপ্রদান, নদী দূষণ মোকাবিলা, পলিস্তর পরিচালনার যোথ গবেষণার আয়োজন, নদীর পাড় রক্ষা কার্য ইত্যাদি। দুইপক্ষ কুশিয়ারা নদীর মধ্যবর্তীকালীন জল বন্টনের উপরে মৌ-এর খসড়ার চূড়ান্ত রূপও প্রদান করেছে। উভয়পক্ষ ত্রিপুরার সাবরুম শহরের পানীয় জলের অভাব দূর করার জন্য এর উপরে 2019-এর অক্টোবরে ভারত-বাংলাদেশ মৌ চুক্তি অনুসারে ফেনী নদীর জলগ্রহণ পয়েন্টের নকশা ও স্থান চূড়ান্ত করণকে স্বাগত জানিয়েছে।

সহযোগিতার একটি অন্যতম গুরুত্বপূর্ণ এলাকা হল রিয়েল টাইম বন্যার তথ্য পাবার জন্য ভারতের বাংলাদেশকে সহায়তা করা। বাংলাদেশকে অপ্রত্যাশিত বন্যাকে মোকাবিলা করার সাহায্য করার জন্য ভারত সম্প্রতি বন্যার তথ্য আদান-প্রদানের মেয়াদ 15 অক্টোবরের পরে বর্ধিত করেছে।

ভারত ও বাংলাদেশে মধ্যে 54টি নদী রয়েছে যার মধ্যে 7টি নদীকে অগ্রাধিকারের ভিত্তিতে জল বন্টন চুক্তির কাঠামো তৈরির জন্য চিহ্নিত করা হয়েছে। বৈঠকে তথ্য আদানপ্রদানের জন্য আরও 8টি নদীকে অন্তর্ভুক্ত করে জারি থাকা

সহযোগিতার ক্ষেত্রে আরও প্রশস্ত করতে সম্মত হওয়া গেছে। বিষয়টি যৌথ নদী কমিশনের কারিগরি স্তরের কমিটিতে আরও আলোচিত হবে।

ভারত ও বাংলাদেশের যৌথ নদী কমিশন 1972 সালে গঠিত হয়েছিল  
অভিন্ন/সিমান্ত/আন্তঃসীমান্ত নদীতে পারস্পরিক স্বার্থের সমস্যা সমাধানের একটি  
দ্বিপাক্ষিক প্রক্রিয়া হিসেবে।

নিউ দিল্লি

অগস্ট 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.